# নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

নোয়াখালী-৩৮১৪


নোবিপ্রবি/রেজি/সং-শা/কনি/১৪৭/২০২৫/১০৯৬২ ২১ জানুয়ারি ২০২৫

## নিয়োগ বিজ্ঞপ্তি

**নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের নিম্নোক্ত স্থায়ী ও শুন্যপদের বিপরীতে কর্মকর্তা ও কর্মচারী পদ পূরণের লক্ষ্যে বর্ণিত যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের নাগরিকদের নিকট হতে এই বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:**

| ক্রমিক | পদের নাম, বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫) | শূন্য পদ | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ০১ | পরিচালক (হিসাব)<br>(গ্রেড-০৩, স্কেল ৫৬,৫০০-৭৪,৪০০) | ০১টি | **শিক্ষাগত যোগ্যতা ঃ** প্রার্থীকে বাংলাদেশের অথবা বিদেশের কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিবিএসহ এমবিএ/৩-৪ বছর মেয়াদী বিকম অনার্সসহ এমকম/পাস কোর্সে বিকমসহ এমকম ডিগ্রির অধিকারী হতে হবে। স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে দ্বিতীয় শ্রেণি/সিজিপিএ-২.৭৫ থাকতে হবে। এসএসসি ও এইচএসসি উভয় ক্ষেত্রে দ্বিতীয় বিভাগ/জিপিএ-২.৭৫ থাকতে হবে। সিএ/আইসিএমএ এবং স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি পর্যায়ের যেকোন একটিতে প্রথম শ্রেণি/সমমানের গ্রেড প্রাপ্তদের এবং পিএইচডি ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেয়া হবে।<br><br>**অভিজ্ঞতা ঃ** অর্থ/হিসাব/বাজেট ও সংশ্লিষ্ট অন্যান্য কাজে সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে/বিশ্ববিদ্যালয়ে ১ম শ্রেণি কর্মকর্তা হিসেবে অর্থাৎ ৯ম গ্রেড হতে কমপক্ষে ১৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে তন্মধ্যে কোন বিশ্ববিদ্যালয়ে ডেপুটি কম্পট্রোলার/ডেপুটি ডাইরেক্টর/উপ পরিচালক, অর্থ ও হিসাব, বা সমপর্যায়ে (হিসাব সংক্রান্ত) পদে কমপক্ষে ৫ বছরের অভিজ্ঞতা অবশ্যই থাকতে হবে। বয়স ন্যূনতম ৪৫ বছর। |
| ০২ | পরিচালক<br>(পরিকল্পনা, উন্নয়ন ও ওয়ার্কস)<br>(গ্রেড-০৩, স্কেল ৫৬,৫০০-৭৪,৪০০) | ০১টি | **শিক্ষাগত যোগ্যতা ঃ** প্রার্থীকে বাংলাদেশের অথবা বিদেশের কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অর্থনীতি/কৃষি অর্থনীতি/ব্যবসা প্রশাসন/সমাজ বিজ্ঞান/পরিসংখ্যান বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি অথবা প্রকৌশল বিষয়ে স্নাতক ডিগ্রিধারী হতে হবে। স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে দ্বিতীয় শ্রেণি/সিজিপিএ-২.৭৫ থাকতে হবে। এসএসসি ও এইচএসসি উভয় ক্ষেত্রে দ্বিতীয় বিভাগ/জিপিএ-২.৭৫ থাকতে হবে।<br><br>স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি পর্যায়ে যে কোন একটিতে প্রথম শ্রেণি/সমমানের গ্রেড প্রাপ্ত, পিএইচডি ডিগ্রিধারী এবং প্রকল্প প্রণয়ন ও প্ল্যানিং বিষয়ক প্রশিক্ষণ প্রাপ্তদের অগ্রাধিকার দেয়া হবে।<br><br>**অভিজ্ঞতা ঃ** প্রকল্প প্রণয়ন, পরিকল্পনা ও উন্নয়ন সংক্রান্ত কাজে সরকারি/স্বায়ত্তশাসিত/বিশ্ববিদ্যালয়ে ১ম শ্রেণি কর্মকর্তা হিসেবে অর্থাৎ ৯ম গ্রেড হতে কমপক্ষে ১৫ বছরের অভিজ্ঞতা তন্মধ্যে কোন বিশ্ববিদ্যালয়ে উপ-পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন হিসেবে ৫ বছরের অভিজ্ঞতা/সুপারিনটেনডেন্ট ইঞ্জিনিয়ার হিসেবে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স ন্যূনতম ৪৫ বছর। |
| ০৩ | গ্রন্থাগারিক<br>(গ্রেড-০৩, স্কেল ৫৬,৫০০-৭৪,৪০০) | ০১টি | **শিক্ষাগত যোগ্যতা:** প্রার্থীকে বাংলাদেশের অথবা বিদেশের কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে লাইব্রেরি সায়েন্সে স্নাতকোত্তর ডিগ্রির অধিকারী হতে হবে। স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে দ্বিতীয় শ্রেণি/সিজিপিএ-২.৭৫ থাকতে হবে। এসএসসি ও এইচএসসি উভয় ক্ষেত্রে দ্বিতীয় বিভাগ/জিপিএ-২.৭৫ থাকতে হবে। স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে যেকোন একটিতে প্রথম শ্রেণি/সমমানের গ্রেড এবং পিএইচডি (Library Science) ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেয়া হবে।<br><br>**অভিজ্ঞতা ঃ** কোন সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান/বিশ্ববিদ্যালয়ে লাইব্রেরিতে ১ম শ্রেণি কর্মকর্তা হিসেবে অর্থাৎ ৯ম গ্রেড হতে ১৫ বছরের অভিজ্ঞতা, তন্মধ্যে ডেপুটি লাইব্রেরীয়ান পদে ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স ন্যূনতম ৪৫ বছর। |
| ০৪ | চীফ মেডিকেল অফিসার<br>গ্রেড-০৩, স্কেল ৫৬,৫০০-৭৪,৪০০)<br>মেডিকেল সেন্টার | ০১টি | **শিক্ষাগত যোগ্যতা ঃ** এমবিবিএস ডিগ্রিসহ; পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রি/ডিপ্লোমা থাকতে হবে। এফসিপিএস ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেয়া হবে।<br><br>**অভিজ্ঞতা ঃ** ইন্টার্নশিপ সম্পন্ন করার পর সরকারি অথবা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে/বিশ্ববিদ্যালয়ে চিকিৎসক হিসেবে ১৪ বছরের অভিজ্ঞতা; তন্মধ্যে ডেপুটি চীফ মেডিকেল অফিসার/সমমানের চিকিৎসক হিসেবে ০৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স ন্যূনতম ৪৫ বছর। |
| ০৫ | ডেপুটি চীফ মেডিকেল অফিসার<br>(গ্রেড-৫ম, স্কেল ৪৩,০০০-৬৯,৮৫০)<br>মেডিকেল সেন্টার | ০১টি | **শিক্ষাগত যোগ্যতা:** এমবিবিএস ডিগ্রিসহ পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রি/ডিপ্লোমা থাকতে হবে। এফসিপিএস ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেয়া হবে।<br><br>**অভিজ্ঞতা:** ইন্টার্নশিপ সম্পন্ন করার পর সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে/বিশ্ববিদ্যালয়ে চিকিৎসক হিসেবে ১০ বছরের অভিজ্ঞতা; তন্মধ্যে সিনিয়র মেডিকেল অফিসার/সমমানের চিকিৎসক হিসেবে ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স ন্যূনতম ৪০ বছর। |
| ০৬ | সিনিয়র মেডিকেল অফিসার<br>(গ্রেড-৬ষ্ঠ, স্কেল ৩৫,৫০০-৬৭,০১০)<br>মেডিকেল সেন্টার | ০১টি | **সিনিয়র মেডিকেল অফিসার:**<br>**শিক্ষাগত যোগ্যতা:** এমবিবিএস ডিগ্রিসহ পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রি/ডিপ্লোমা থাকতে হবে।<br>এফসিপিএস/এমএস/এমডি (মেডিসিন/সার্জারি) ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেয়া হবে।<br>**অভিজ্ঞতা:** ক. পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রি/ডিপ্লোমা থাকলে ইন্টার্নশিপ সম্পন্ন করার পর মেডিকেল অফিসার হিসেবে সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে/বিশ্ববিদ্যালয়ে ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>খ. এমবিবিএস ডিগ্রি। ইন্টার্নশিপ শেষ করার পর মেডিকেল অফিসার হিসেবে ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>গ. বিএমডিসি রেজিস্ট্রেশন থাকতে হবে। বয়সসীমা অনূর্ধ্ব ৩৫ বছর।<br>**বি.দ্র.: সিনিয়র মেডিকেল অফিসার পদে প্রার্থী পাওয়া না গেলে মেডিকেল অফিসার পদে নিয়োগ দেয়া হবে।**<br>**মেডিকেল অফিসার পদের যোগ্যতা (গ্রেড-৯ম, স্কেল ২২,০০০-৫৩,০৬০):**<br>**শিক্ষাগত যোগ্যতা:** এমবিবিএস ডিগ্রি থাকতে হবে। পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেয়া হবে। বিএমডিসি রেজিস্ট্রেশন থাকতে হবে। |
| ০৭ | পিএস টু ভিসি/সহকারী রেজিস্ট্রার<br>(গ্রেড-৭ম, স্কেল: ২৯০০০-৬৩৪১০)<br>উপাচার্য মহোদয়ের দফতর | ০১টি | **শিক্ষাগত যোগ্যতা ঃ** ৪ বছরের স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রি/৩ বছরের স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রি/পাস কোর্সে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি; স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে ন্যূনপক্ষে দ্বিতীয় শ্রেণি/সিজিপিএ-২.৭৫ থাকতে হবে। স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি পর্যায়ের যেকোন একটিতে ১ম শ্রেণি/সিজিপিএ ৩.০০ প্রাপ্তদের অগ্রাধিকার দেয়া হবে। এসএসসি ও এইচএসসি যে কোন একটিতে জিপিএ-৪.০০ থাকতে হবে।<br>**অভিজ্ঞতা ঃ** কোন সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান/বিশ্ববিদ্যালয়ে ১ম শ্রেণির কর্মকর্তা হিসেবে নিয়োগ প্রাপ্ত এবং (৯ম গ্রেড) কমপক্ষে ৫ বছরের সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা থাকতে হবে। বয়সসীমা অনূর্ধ্ব ৩৫ বছর।<br>**বি.দ্র: বর্ণিত পদে উপযুক্ত যোগ্য ও অভিজ্ঞতা সম্পূর্ণ প্রার্থী পাওয়া না গেলে উক্ত পদের বিপরীতে (৯ম গ্রেড, স্কেল ২২,০০০-৫৩০৬০) এ সেকশন অফিসার পদে নেয়া যেতে পারে। এ ক্ষেত্রে উপরে বর্নিত শিক্ষাগত যোগ্যতা প্রযোজ্য হবে। বয়সসীমা অনূর্ধ্ব ৩২ বছর।** |
| ০৮ | সহকারী পরিচালক (পকিল্পনা ও উন্নয়ন)<br>(গ্রেড-৭তম, স্কেল: ২৯০০০-৬৩৪১০)<br>(পরিকল্পনা, উন্নয়ন ও ওয়ার্কস) | ০১টি | অর্থনীতি/পরিসংখ্যান/ব্যবসা প্রশাসনে ৪ বছরের সম্মানসহ স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি/৩ বছরের সম্মানসহ স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি/পাস কোর্সে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি/বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি; স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে ন্যূনপক্ষে দ্বিতীয় শ্রেণি/সিজিপিএ ২.৭৫ থাকতে হবে। এসএসসি ও এইচএসসিতে কমপক্ষে দ্বিতীয় বিভাগ/জিপিএ ২.৭৫ থাকতে হবে।<br>বি.দ্র.: ক. স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি পর্যায়ে যেকোন একটিতে প্রথম শ্রেণি/সিজিপিএ ৩.০ প্রাপ্তদের অগ্রাধিকার দেয়া হবে।<br>খ. পাবলিক প্রকিউরমেন্ট রুলস বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত এবং প্রকল্প প্রণয়ন ও প্ল্যানিং এর উপর দীর্ঘমেয়াদী/উচ্চতর ডিগ্রি/প্রশিক্ষণ থাকলে প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।<br><br>অভিজ্ঞতা: সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে/বিশ্ববিদ্যালয়ে প্রকল্প প্রণয়ন/পরিকল্পনা ও উন্নয়ন সংক্রান্ত কাজে কর্মকর্তা হিসেবে ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়সসীমা অনূর্ধ্ব ৩৫ বছর। |
| ০৯ | সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক<br>(গ্রেড-৭ম, স্কেল: ২৯০০০-৬৩৪১০) | ০১টি | **শিক্ষাগত যোগ্যতা ঃ** ৪ বছরের স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রি/৩ বছরের স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রি/পাস কোর্সে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি; স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে ন্যূনপক্ষে |

| | | | |
|---|---|---|---|
| | পরীক্ষা নিয়ন্ত্রক দফতর | | দ্বিতীয় শ্রেণি/সিজিপিএ-২.৭৫ থাকতে হবে। স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি পর্যায়ের যেকোন একটিতে **১ম** শ্রেণি/সিজিপিএ ৩.০০ প্রাপ্তদের অগ্রাধিকার দেয়া হবে। এসএসসি ও এইচএসসি যেকোন একটিতে জিপিএ-৪.০০ থাকতে হবে।<br>**অভিজ্ঞতা ঃ** কোন সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান/বিশ্ববিদ্যালয়ে **১ম** শ্রেণির কর্মকর্তা হিসেবে নিয়োগ প্রাপ্ত এবং (৯ম গ্রেড) কমপক্ষে ৫ বছরের সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা থাকতে হবে। বয়সসীমা অনূর্ধ্ব ৩৫ বছর।<br>**বি.দ্র: বর্ণিত পদে উপযুক্ত যোগ্য ও অভিজ্ঞতা সম্পূর্ণ প্রার্থী পাওয়া না গেলে উক্ত পদের বিপরীতে ৯ম গ্রেড, স্কেল ২২,০০০-৫৩০৬০ এ সেকশন অফিসার পদে নেয়া যেতে পারে। এ ক্ষেত্রে উপরে বর্নিত শিক্ষাগত যোগ্যতা প্রযোজ্য হবে। বয়সসীমা অনূর্ধ্ব ৩২ বছর।** |
| ১০ | সহকারী পরিচালক<br>(গ্রেড-৭তম, স্কেল: ২৯০০০-৬৩৪১০)<br>ছাত্র শিক্ষক কেন্দ্র এবং ইন্টারন্যাশানাল কো-অপারেশন এন্ড কোলাবোরেশন সেন্টার | ০২টি | **শিক্ষাগত যোগ্যতা ঃ** ৪ বছরের স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রি/৩ বছরের স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রি/পাস কোর্সে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি; স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে ন্যূনপক্ষে দ্বিতীয় শ্রেণি/সিজিপিএ-২.৭৫ থাকতে হবে। স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি পর্যায়ের যেকোন একটিতে **১ম** শ্রেণি/সিজিপিএ ৩.০০ প্রাপ্তদের অগ্রাধিকার দেয়া হবে। এসএসসি ও এইচএসসি উভয় ক্ষেত্রে দ্বিতীয় শ্রেণী/জিপিএ-৩.৫০ থাকতে হবে।<br>**অভিজ্ঞতা ঃ** কোন সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান/বিশ্ববিদ্যালয়ে **১ম** শ্রেণির কর্মকর্তা হিসেবে (৯ম গ্রেড) কমপক্ষে ৫ বছরের সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা থাকতে হবে। বয়সসীমা অনূর্ধ্ব ৩৫ বছর।<br>**বি.দ্র:** ক্রমিক-০১ এ উপর্যুক্ত যোগ্য ও অভিজ্ঞতা সম্পূর্ণ প্রার্থী পাওয়া না গেলে উক্ত পদের বিপরীতে ৯ম গ্রেড, স্কেল ২২,০০০-৫৩০৬০ এ সেকশন অফিসার পদে নেয়া যেতে পারে। এ ক্ষেত্রে উপরে বর্নিত শিক্ষাগত যোগ্যতা প্রযোজ্য হবে। বয়সসীমা অনূর্ধ্ব ৩২ বছর। |
| ১১ | সহকারী প্রোগ্রামার (গ্রাফিক্স ডিজাইন)<br>(গ্রেড-৯ম, স্কেল ২২,০০০-৫৩,০৬০)<br>জনসংযোগ ও প্রকাশনা দফতর | ০১টি | **শিক্ষাগত যোগ্যতা:** (১) স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার বিজ্ঞান/কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল/ইনফরমেশন টেকনোলজি/ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি/ইনফরমেশন এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারি/সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং/কম্পিউটার সাইন্স ও সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং/কম্পিউটার সাইন্স ও টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারি বিষয়ে স্নাতক (সম্মান)। স্নাতক (সম্মান) পর্যায়ে সিজিপিএ ২.৭৫ থাকতে হবে। (২) এসএসসি ও এইচএসসি পর্যায়ে পরীক্ষাসমূহে কমপক্ষে জিপিএ ৩.৫০ থাকতে হবে। (৩) Graphical User Interface (GUI), Structured Programming, Object Oriented Programming Language এ প্রশিক্ষণে দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। (৪) স্ট্যান্ডার্ড অ্যাপটিচুট টেস্টে উত্তীর্ণ হতে হবে।<br>**অভিজ্ঞতা:** দেশের স্বনামধন্য প্রতিষ্ঠান/প্রথম শ্রেণি প্রকাশনা প্রতিষ্ঠানে ইলেকট্রনিক্স অথবা প্রিন্ট মিডিয়ায় গ্রাফিক্স ডিজাইনার হিসেবে ৩ বছর চাকরির অভিজ্ঞতা থাকতে হবে। বয়সসীমা অনূর্ধ্ব ৩২ বছর। |
| ১২ | সহকারী কম্পিউটার প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার<br>(গ্রেড-৯ম, স্কেল ২২,০০০-৫৩,০৬০)<br>কেন্দ্রীয় লাইব্রেরি-০১টি, পরীক্ষা নিয়ন্ত্রক দফতর-০১টি এবং ইনস্টিটিউট অব ইনফরমেশন সায়েন্সস-০১টি | ০৩টি | **শিক্ষাগত যোগ্যতা:** (১) স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার বিজ্ঞান/কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল/ইনফরমেশন টেকনোলজি/ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি/ইনফরমেশন এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারি/সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং/কম্পিউটার সাইন্স ও সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং/কম্পিউটার সাইন্স ও টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারি বিষয়ে স্নাতক (সম্মান) ডিগ্রি। শিক্ষা জীবনের স্নাতক (সম্মান) পর্যায়ের প্রথম শ্রেণি অথবা সিজিপিএ ২.৭৫ থাকতে হবে। (২) এসএসসি ও এইচএসসি পর্যায়ে পরীক্ষাসমূহে কমপক্ষে জিপিএ ৩.৫০ থাকতে হবে। (৩) Structured Programming অথবা Object Oriented Programming Language এ প্রশিক্ষণ ও দক্ষতা থাকতে হবে। (৪) স্ট্যান্ডার্ড অ্যাপটিচুট টেস্টে উত্তীর্ণ হতে হবে।<br>(৫) MYSQL/PHP এবং LINUX, WINDOWS NT পরিবেশে কাজ করার অভিজ্ঞতা থাকা প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। বয়সসীমা অনূর্ধ্ব ৩২ বছর। |
| ১৩ | প্রশাসনিক কর্মকর্তা<br>(গ্রেড-১০ম, স্কেল ১৬,০০০-৩৮,৬৪০)<br>কোষাধ্যক্ষ মহোদয়ের দফতর-০১<br>বাংলা বিভাগ-০১<br>বিএনসিসি রোভার স্কাউট-০১ | ০৩টি | **শিক্ষাগত যোগ্যতা:** ৪ বছরের সম্মানসহ স্নাতকোত্তর ডিগ্রি/৩ বছরের সম্মানসহ স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি/পাস কোর্সে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি; স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ের দ্বিতীয় শ্রেণি/সিজিপিএ-২.৭৫ থাকতে হবে। স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি পর্যায়ের যেকোন একটিতে **১ম** শ্রেণি/সিজিপিএ ৩.০০ প্রাপ্তদের অগ্রাধিকার দেয়া হবে। এসএসসি ও এইচএসসিতে কমপক্ষে **১ম** শ্রেণি/জিপিএ-৩.৫০ থাকতে হবে। বয়সসীমা অনূর্ধ্ব ৩২ বছর। |
| ১৪ | ফিল্ড টেকনিশিয়ান<br>(গ্রেড-১১তম, স্কেল: ১২,৫০০-৩০,২৩০)<br>কৃষি বিভাগ | ০১টি | **শিক্ষাগত যোগ্যতাঃ** দ্বিতীয় শ্রেণি/সিজিপিএ-২.৭৫ সহ কৃষি/মৃত্তিকা বিজ্ঞান বিষয়ে বিএসসি (সম্মান) ডিগ্রি অথবা এসএসসিতে (বিজ্ঞান) জিপিএ ২.৭৫ সহ পাশসহ কৃষি বিষয়ে ডিপ্লোমা ডিগ্রী থাকতে হবে। উভয়টিতে ন্যূনতম পক্ষে দ্বিতীয় বিভাগ/জিপিএ ২.৭৫ থাকতে হবে।<br>কোন সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে/বিশ্ববিদ্যালয়ে/প্রথিতযশা বেসরকারি প্রতিষ্ঠানে ফিল্ড টেকনিশিয়ান হিসেবে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। **বয়সসীমা অনূর্ধ্ব ৩২ বছর।** |
| ১৫ | কম্পিউটার অপারেটর<br>(গ্রেড-১১তম, স্কেল ১২,৫০০-৩০,২৩০)<br>বাংলাদেশ ও মুক্তিযুদ্ধ স্টাডিজ বিভাগ | **০১টি** | **শিক্ষাগত যোগ্যতাঃ** দ্বিতীয় শ্রেণির/সিজিপিএ-২.৭৫ সহ স্নাতক ডিগ্রি। কম্পিউটার অপারেশনে সক্ষমতা ও সনদ আবশ্যক।<br>অথবা সর্বস্তরে দ্বিতীয় বিভাগ/জিপিএ ২.৭৫ সহ এইচএসসি পাশ ও কম্পিউটার সায়েন্সে স্বীকৃত ইনস্টিটিউট/প্রতিষ্ঠান থেকে ডিপ্লোমা থাকতে হবে। এসএসসি ও এইচএসসিতে কমপক্ষে দ্বিতীয় বিভাগ/জিপিএ ২.৭৫ থাকতে হবে।<br>কোন সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে/বিশ্ববিদ্যালয়ে/প্রথিতযশা বেসরকারি বাণিজ্যিক প্রতিষ্ঠানে অফিস ম্যানেজমেন্ট প্রোগ্রামে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। কম্পিউটার অপারেটর পদে অবশ্যই প্রতি মিনিটে বাংলায় ২৫টি এবং ইংরেজিতে ৩০টি শব্দ কম্পিউটার কম্পোজ করার দক্ষতা থাকতে হবে। বয়সসীমা অনূর্ধ্ব ৩২ বছর। |
| ১৬ | কার্য সহকারী<br>(গ্রেড-১৩তম, স্কেল: ১১,০০০-২৬,৫৯০)<br>পরিকল্পনা, উন্নয়ন ও ওয়ার্কস | ০৩টি | **শিক্ষাগত যোগ্যতাঃ** সর্বস্তরে দ্বিতীয় বিভাগ/জিপিএ ২.৭৫ সহ এইচএসসি পাশ। সংশ্লিষ্ট পদে ২ বছরের ট্রেড কোর্সধারীদের অগ্রাধিকার দেয়া হবে। অথবা এসএসসি (বিজ্ঞান) সহ সর্বস্তরে জিপিএ ২.৭৫সহ সিভিল/ইলেকট্রিক্যাল/মেকানিক্যাল বিষয়ে ডিপ্লোমা ডিগ্রি থাকতে হবে। সংশ্লিষ্ট পদে ২ বছরের ট্রেড কোর্সধারীদের অগ্রাধিকার দেয়া হবে। **বয়সসীমা অনূর্ধ্ব ৩২ বছর।** |
| ১৭ | পুরোহিত<br>(গ্রেড-১৩তম, স্কেল: ১১,০০০-২৬,৫৯০)<br>উপাসনালয় | **০১টি** | পুরোহিত পদে আবেদনের যোগ্যতা: প্রার্থীকে ১) স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। ২) কাব্যতীর্থ অথবা ব্যাকরণতীর্থ অথবা স্মৃতিতীর্থ উত্তীর্ণ হতে হবে। তবে সংস্কৃত বিষয়ে স্নাতক ডিগ্রিধারীদের কাব্যতীর্থ/ব্যাকরণতীর্থ/স্মৃতিতীর্থ ডিগ্রি থাকা বাধ্যতামূলক নয়। ৩) সনাতন ধর্মের মন্দির বা আশ্রম এ সকল পূজা, ব্রত ও শাস্ত্রীয় অনুষ্ঠানে পৌরহিত্য করার বাস্তব ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। ৪) ধার্মিক, সদাচারী, বিনয়ী, শাস্ত্রজ্ঞানসম্পন্ন ও ধর্মালোচনায় দক্ষ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। |
| ১৮ | ফিল্ড এসিসটেন্ট/ফিল্ড সহকারী<br>(গ্রেড-১৫তম, স্কেল: ৯,৭০০-২৩,৪৯০)<br>এনভায়রনমেন্টাল সায়েন্স এন্ড ডিজাস্টার ম্যানেজমেন্ট বিভাগ-০১<br>কৃষি বিভাগ-০১ | ০২টি | **শিক্ষাগত যোগ্যতা:** সর্বস্তরে দ্বিতীয় বিভাগ/সমমান জিপিএ-২.৭৫ সহ কমপক্ষে এইচএসসি (বিজ্ঞান) পাশ অথবা এসএসসি (বিজ্ঞান) এবং কৃষি/মৃত্তিকা/পরিবেশ বিষয়ে ডিপ্লোমা ডিগ্রীধারী হতে হবে।<br>বাংলা ও ইংরেজিতে কম্পিউটারে কাজ করার সক্ষমতা আবশ্যক। কোন সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে/বিশ্ববিদ্যালয়ে/প্রথিতযশা বেসরকারি প্রতিষ্ঠানে ফিল্ড এসিসটেন্ট/ ফিল্ড সহকারী অথবা সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। **বয়সসীমা অনূর্ধ্ব ৩২ বছর।** |
| ১৯ | ল্যাব সহকারী<br>(গ্রেড-১৫তম, স্কেল: ৯,৭০০-২৩,৪৯০)<br>ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগ-০১, ওশানোগ্রাফি বিভাগ-০১<br>ইনস্টিটিউট অব ইনফরমেশন টেকনোলজি-০২, প্রাণিবিদ্যা বিভাগ-০১ | **০৫টি** | **শিক্ষাগত যোগ্যতা** সর্বস্তরে দ্বিতীয় বিভাগ/সমমান জিপিএ-২.৭৫ সহ কমপক্ষে এইচএসসি (বিজ্ঞান) পাশ।<br>সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। **বয়সসীমা অনূর্ধ্ব ৩২ বছর।** |
| ২০ | ফিল্ড সহকারী<br>(গ্রেড-১৫তম, স্কেল: ৯,৭০০-২৩,৪৯০)<br>ওশানোগ্রাফি বিভাগ | **০১টি** | **শিক্ষাগত যোগ্যতা:** সর্বস্তরে দ্বিতীয় বিভাগ/সমমান জিপিএ-২.৭৫ সহ কমপক্ষে এইচএসসি (বিজ্ঞান) পাশ অথবা সর্বস্তরে জিপিএ ২.৭৫ সহ এসএসসি (বিজ্ঞান) এবং মৎস্য বিষয়ে ডিপ্লোমা ডিগ্রি থাকতে হবে। বাংলা ও ইংরেজিতে কম্পিউটারে কাজ করার সক্ষমতা আবশ্যক। কোন সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে/বিশ্ববিদ্যালয়ে/প্রথিতযশা বেসরকারি প্রতিষ্ঠানে ফিল্ড এসিসটেন্ট/ ফিল্ড সহকারী অথবা সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। **বয়সসীমা অনূর্ধ্ব ৩২ বছর।** |

| | | | |
|---|---|---|---|
| ২১ | সেমিনার লাইব্রেরি এসিসটেন্ট<br>(গ্রেড-১৬তম, স্কেল: ৯,৩০০-২২,৪৯০)<br>পরিসংখ্যান বিভাগ-০১, কৃষি বিভাগ-০১, ওশানোগ্রাফি বিভাগ-০১, বায়োকেমিষ্ট্রি এন্ড মলিকুলার বায়োলজি বিভাগ-০১, বাংলাদেশ মুক্তিযুদ্ধ স্টাডিজ বিভাগ-০১, সমাজবিজ্ঞান বিভাগ-০১, বাংলা বিভাগ-০১, ট্যুরিজম এন্ড হসপিতালিটি ম্যানেজমেন্ট বিভাগ-০১, ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেমস বিভাগ-০১, শিক্ষা বিভাগ-০১, আইন বিভাগ-০১ | ১১টি | শিক্ষাগত যোগ্যতাঃ সর্বস্তরে দ্বিতীয় বিভাগ/জিপিএ ২.৭৫ সহ এইচএসসি/সমমান পাশসহ সংশ্লিষ্ট বিষয়ে সার্টিফিকেট কোর্স সম্পন্ন হতে হবে। অথবা সংশ্লিষ্ট কাজে ০২ বছরের অভিজ্ঞতা। **বয়সসীমা অনূর্ধ্ব ৩২ বছর।** |
| ২২ | মেকানিক (এসি)<br>(গ্রেড-১৬তম, স্কেল: ৯,৩০০-২২,৪৯০)<br>পরিবহন পুল | ০১টি | **শিক্ষাগত যোগ্যতা:** সর্বস্তরে দ্বিতীয় বিভাগ/জিপিএ-২.৭৫ সহ কমপক্ষে এইচএসসি (বিজ্ঞান) পাশ। অথবা এসএসসি (বিজ্ঞান) ও ইলেকট্রিক্যাল বিষয়ে ডিপ্লোমা ডিগ্রীধারী হতে হবে। কোন সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে/বিশ্ববিদ্যালয়ে/প্রথিতযশা বেসরকারি প্রতিষ্ঠানে এসি সংশ্লিষ্ট কাজে ০৫ বছরের অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিল করা যেতে পারে। **বয়সসীমা অনূর্ধ্ব ৩২ বছর।** |
| ২৩ | মেকানিক (ইলেকট্রিক্যাল)<br>(গ্রেড-১৬তম, স্কেল: ৯,৩০০-২২,৪৯০)<br>পরিবহন পুল | ০১টি | **শিক্ষাগত যোগ্যতা:** সর্বস্তরে দ্বিতীয় বিভাগ/জিপিএ-২.৭৫ সহ কমপক্ষে এইচএসসি (বিজ্ঞান) পাশ। অথবা এসএসসি (বিজ্ঞান) ও ইলেকট্রিক্যাল বিষয়ে ডিপ্লোমা ডিগ্রীধারী হতে হবে। কোন সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে/বিশ্ববিদ্যালয়ে/প্রথিতযশা বেসরকারি প্রতিষ্ঠানে ইলেকট্রিক্যাল সংশ্লিষ্ট কাজে ০৫ বছরের অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিল করা যেতে পারে। **বয়সসীমা অনূর্ধ্ব ৩২ বছর।** |
| ২৪ | মেকানিক (পরিবহন)<br>(গ্রেড-১৬তম, স্কেল: ৯,৩০০-২২,৪৯০)<br>পরিবহন পুল | ০১টি | **শিক্ষাগত যোগ্যতা:** সর্বস্তরে দ্বিতীয় বিভাগ/জিপিএ-২.৭৫ সহ কমপক্ষে এইচএসসি (বিজ্ঞান) পাশ। কোন সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে/বিশ্ববিদ্যালয়ে/প্রথিতযশা বেসরকারি প্রতিষ্ঠানে পরিবহন সংশ্লিষ্ট কাজে সুপার ভাইজার/টেকনিশিয়ান /মেকানিক হেভি গাড়ির ড্রাইভার হিসেবে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। বিশেষ যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা/বয়স শিথিল যোগ্য। **বয়সসীমা অনূর্ধ্ব ৩২ বছর।** |
| ২৫ | লাইব্রেরি সহকারী<br>(গ্রেড-১৬তম, স্কেল: ৯,৩০০-২২,৪৯০)<br>বিজনেস এডমিনিস্ট্রেশন বিভাগ ও আবদুল মালেক উকিল হল | ০২টি | **শিক্ষাগত যোগ্যতা:** কমপক্ষে দ্বিতীয় বিভাগ/জিপিএ-২.৭৫ সহ এইচএসসি পাশ এবং লাইব্রেরি সায়েন্সে সার্টিফিকেট কোর্স থাকতে হবে।<br>বি.দ্র.: বাংলা ও ইংরেজিতে কম্পিউটারে কাজ করার সক্ষমতা ও সনদ আবশ্যক। **বয়সসীমা অনূর্ধ্ব ৩২ বছর।** |
| ২৬ | লাইব্রেরী এটেন্ডেন্ট<br>(গ্রেড-১৮তম, স্কেল: ৮,৮০০-২০,২৯০)<br>কম্পিউটার সায়েন্স এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগ-০১, ইনফরমেশন এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগ-০১, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগ-০১, ফিশারিজ এন্ড মেরিন সায়েন্স বিভাগ-০১, ফার্মেসি বিভাগ-০১, এপ্লায়েড ম্যাথমেটিক্স বিভাগ-০১, পরিসংখ্যান বিভাগ-০১, বায়োকেমিস্ট্রি এন্ড মলিকুলার বায়োলজি বিভাগ-০১, এনভায়রনমেন্টাল সায়েন্স এন্ড ডিজাস্টার ম্যানেজমেন্ট বিভাগ-০১, বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং বিভাগ-০১, কৃষি বিভাগ-০১ ও ওশানোগ্রাফি বিভাগ-০১ | ১২টি | **শিক্ষাগত যোগ্যতা:** দ্বিতীয় বিভাগ/জিপিএ-২.৭৫ সহ এসএসসি পাশ।<br>**অভিজ্ঞতা:** সংশ্লিষ্ট কাজে ০২ বছরের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। **বয়সসীমা অনূর্ধ্ব ৩২ বছর।** |
| ২৭ | পাওয়ার স্টেশন অপারেটর<br>(গ্রেড-১৮তম, স্কেল: ৮,৮০০-২০,২৯০)<br>পরিকল্পনা, উন্নয়ন ও ওয়ার্কস দফতর | ০৩টি | **শিক্ষাগত যোগ্যতা:** জিপিএ ২.২৫ সহ এসএসসি (বিজ্ঞান)/এসএসসি ভোকেশনাল/সমমান পাশ হতে হবে। বৈদ্যুতিক কাজের ABC ক্যাটাগরির লাইসেন্সধারীদের অগ্রাধিকার দেয়া হবে।<br>**অভিজ্ঞতা:** সংশ্লিষ্ট কাজে ০৫ বছরের অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিল করা যেতে পারে। বৈদ্যুতিক সাব স্টেশন অপারেটিং কাজে ০৩ বছরের অভিজ্ঞতা অবশ্যই থাকতে হবে।<br>**বয়সসীমা অনূর্ধ্ব ৩২ বছর।** |
| ২৮ | সহকারী মেকানিক (এসি)<br>(গ্রেড-১৯তম, স্কেল: ৮,৫০০-২০,৫৭০)<br>পরিবহন পুল | ০১টি | **শিক্ষাগত যোগ্যতা:** এসএসসি (বিজ্ঞান) পাশ। এসি মেকানিক সংশ্লিষ্ট কাজে ০৫ বছরের অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিল করা যেতে পারে।<br>**অভিজ্ঞতা:** সংশ্লিষ্ট পদে ০২ বছরের অভিজ্ঞতার অগ্রাধিকার দেয়া হবে। **বয়সসীমা অনূর্ধ্ব ৩২ বছর।** |
| ২৯ | ওয়েটার/বয়<br>(গ্রেড-২০তম, স্কেল: ৮,২৫০-২০,০১০)<br>ছাত্র শিক্ষক কেন্দ্র | ০১টি | **শিক্ষাগত যোগ্যতা:** দ্বিতীয় বিভাগ/জিপিএ-২.২৫ সহ এসএসসি/সমমান পাশ।<br>**অভিজ্ঞতা:** সংশ্লিষ্ট কাজে ০৩ বছরের অভিজ্ঞতা অগ্রাধিকার দেয়া হবে। **বয়সসীমা অনূর্ধ্ব ৩২ বছর।** |

**আবেদনের শর্তাবলী:**

১. কর্মকর্তা ও কর্মচারী পদে আগ্রহী প্রার্থীদের বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nstu.edu.bd) থেকে নির্ধারিত আবেদন ফরম সংগ্রহ করে আবেদন করতে হবে।

২. উপরোক্ত কর্মকর্তা ও কর্মচারী পদে আগামী ১৩ ফেব্রুয়ারি ২০২৫ এর মধ্যে (অফিস চলাকালীন সময়) নিম্নস্বাক্ষরকারী বরাবর কর্মকর্তা (৩য় গ্রেড) পদে আবেদনকারীদের ৯ সেট, (৫ম গ্রেড হতে ১০ম গ্রেড) পদে আবেদনকারীদের ৮ সেট এবং কর্মচারী (১১তম গ্রেড হতে ২০তম গ্রেড পর্যন্ত) পদে আবেদনকারীদের ৬ সেট আবেদন {(ক) জাতীয় পরিচয়পত্র (খ) পাসপোর্ট সাইজের ২ কপি সত্যায়িত রঙিন ছবি (গ) শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি (ঘ) অভিজ্ঞতার সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি এবং (ঙ) সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান/১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক একটি চারিত্রিক সনদ} A4 সাইজ খামে জমা দিতে হবে। উক্ত তারিখের পর কোন আবেদন গ্রহণ করা হবে না।

৩. প্রত্যেক প্রার্থীকে খামের উপর তাঁর নাম-ঠিকানা ও প্রার্থিত পদের নাম স্পষ্টাক্ষরে লিখতে হবে।

৪. অসম্পূর্ণ ও ক্রটিপূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে। আবেদনকারীদের নোবিপ্রবি আয় হিসাব নম্বর ০২০০০০৫৩২৬৫৮৪, অগ্রণী ব্যাংক লিমিটেড, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখা এর বিপরীতে (অফেরতযোগ্য) গ্রেড- ৩য় হতে ১০তম পদের জন্য ২০০.০০ (দুইশত) টাকা, গ্রেড-১১তম হতে ১২তম পদের জন্য ১৫০.০০ (একশত পঞ্চাশ) টাকা, গ্রেড-১৩তম হতে ১৬তম পদের জন্য ১০০.০০ (একশত) টাকা এবং গ্রেড-১৭তম হতে গ্রেড-২০তম পদের জন্য ৫০.০০ (পঞ্চাশ) টাকা পে-অর্ডার/অনলাইনে জমা প্রদান পূর্বক মূল রশিদ আবেদনের সাথে সংযুক্ত করে রশিদের ক্রমিক নম্বর আবেদনে উল্লেখ করতে হবে।

৫. MPQ (Minimum Prescribe Qualification) শর্ত পূরণ সাপেক্ষে অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে শর্ত শিথিল করা যেতে পারে।

৬. নোবিপ্রবি/রেজি/সং-শা/কনি/১০৪/২০২১/৬৫৭৩, তারিখ: ৩০ নভেম্বর ২০২১, নোবিপ্রবি/রেজি/সং-শা/কনি/১১৩/২০২২/৮০৭১, তারিখ: ০১ নভেম্বর ২০২২, নোবিপ্রবি/রেজি/সং-শা/কনি/১১৬/২০২৩/৮৫৮২, তারিখ: ২৮ মার্চ ২০২৩, নোবিপ্রবি/রেজি/সং-শা/কনি/১১৬/২০২৩/৮৬১২, তারিখ: ২৯ মার্চ ২০২৩, নোবিপ্রবি/রেজি/সং-শা/কনি/১১৭/২০২৩/৯৩৩৮, তারিখ: ১০ অক্টোবর ২০২৩, নোবিপ্রবি/রেজি/সং-শা/কনি/১১৯/২০২৩/৯৪৩২, তারিখ: ০৮ নভেম্বর ২০২৩ এবং নোবিপ্রবি/রেজি/সং-শা/কনি/১২২/২০২৩/৯৬৯১, তারিখ: ১৩ ডিসেম্বর ২০২৩ সংখ্যক স্মারকে সংশ্লিষ্ট পদসমূহে যারা যে পদে আবেদন করেছেন, তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

৭. অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে পূর্বেকার চাকরি গণনা করে নোবিপ্রবি'র চাকরি গণনা সংশ্লিষ্ট কমিটি কর্তৃক অনুমোদনের কপি আবেদনের সময় জমা দিতে হবে।

৮. কোন পদে নিয়োগ পেতে ইচ্ছুক ব্যক্তির বয়স উক্ত পদে নিয়োগদানের জন্য প্রচারিত বিজ্ঞপ্তিতে বর্ণিত বয়স সীমার মধ্যে হতে হবে।

৯. নিয়োগের ক্ষেত্রে শিক্ষা জীবনে কোন পরীক্ষায় ৩য় শ্রেণি গ্রহণযোগ্য নয়।

১০. প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে। দ্বৈত নাগরিকত্ব গ্রহণযোগ্য নয়।

১১. চাকরিরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

১২. কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে সরকারি নিয়ম অনুসরণ করা হবে।

১৩. আবেদনকারীকে আবেদন পত্রে অবশ্যই শিক্ষাগত যোগ্যতার সকল সার্টিফিকেট ও ডিগ্রি উল্লেখ করতে হবে। কোন তথ্য গোপন করলে বা উল্লেখ না করলে ভবিষ্যতে তার পরীক্ষা পাশের সার্টিফিকেট নথিতে সংযুক্ত করা হবে না এবং প্রার্থীর তথ্য গোপনের কারণে আবেদনপত্র বাতিলসহ যথাযথ আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

১৪. অনুমোদিত পদ থাকা সাপেক্ষে বিজ্ঞাপিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে।

১৫. নিয়োগ সংক্রান্ত কর্তৃপক্ষীয় সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

১৬. প্রযোজ্য ক্ষেত্রে লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্যে প্রার্থীকে কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৭. বর্ণিত পদে নিয়োগের ক্ষেত্রে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের নিয়োগ বিধি এবং প্রযোজ্য অন্যান্য সরকারি নিয়ম ও আনুষ্ঠানিকতা অনুসরণ করা হবে।

১৮. নির্বাচিত প্রার্থীকে মেডিকেল ডোপ টেস্টে উত্তীর্ণ হতে হবে।

**রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)**
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
নোয়াখালী-৩৮১৪